

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫১

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ১৯. সুরাহ তানযীলুস সিজদা ও তাবারাকা (মুলক) এর ফযীলত

باب فِي فَصْلِ سُورَةِ تَنْزِيلُ السَّجْدَةِ وَتَبَارَكَ

আরবী

حَدَّتَنَا مُوسَى بْنُ خَالِدٍ حَدَّتَنَا مُعْتَمِرٌ عَنْ لَيْثٍ عَنْ طَاوُسٍ قَالَ فُضِلِّلَتَا عَلَى كُلِّ سُورَةٍ فِي الْقُرْآنِ بِسِتِّينَ حَسَنَةً

বাংলা

৩৪৫১. তাউস হতে বর্ণিত, তিনি বলেন, এ দু'টি সুরাহ কে কুরআনের অন্য যে কোন সূরার চেয়ে অতিরিক্ত ৬০টি সাওয়াব প্রদানের মাধ্যমে মর্যাদাবান করা হয়েছে।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ তাউস পর্যন্ত যয়ীফ। এটি তার এর বক্তব্য (মাওকুফ)।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৪২৪ নং ৯৮৬৬; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ২৩৩, ২৩৭; আব্দুর রাযযাক নং ৬০৩৫ ইবনু আবী কাছীর সূত্রে তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীগণকে সূরাহ সাজদা ও সুরাহ মুলক পাঠ করার নির্দেশ দিতেন। কারণ এ দু'টি সুরার প্রত্যেক আয়াত অন্য সুরার ৭০ আয়াতের সমান। আর যে ব্যক্তি এ দু'টি সুরাহ ইশার শেষে পাঠ করবে, সে যেন তার লাইলাতুল কদরে পাঠ করলো।' আমার বক্তব্য হলো, এ সনদ মু'দ্বাল। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তাউস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন